

শাহ আমানতে কার্গো ফ্লাইট চালুতে আরও সময় লাগবে

- A Monitor Desk Report

Date: 30 August, 2025



চট্টগ্রাম : চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সরাসরি কার্গো ফ্লাইট চালু হতে আরও প্রায় ৬ মাস সময় লাগবে। ভারত কর্তৃক ট্রান্সশিপমেন্ট সুবিধা বাতিলের পর বিষয়টি গুরুত্ব পায়। কিন্তু অবকাঠামোগত ঘাটতির কারণে তা এখনই সম্ভব নয়।

চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর সূত্র জানিয়েছে, চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর এখনও কার্গো ফ্লাইট পরিচালনার জন্য পুরোপুরি প্রস্তুত নয়। এ কারণে ৭০ কোটি টাকা ব্যয়ে একটি উন্নয়ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে, যা শিগগিরই টেন্ডারে উঠবে। সংশ্লিষ্ট কর্মকর্তারা আশা করছেন, প্রকল্পের কাজ শুরু হয়ে শেষ হতে আগামী বছরের ফেব্রুয়ারি নাগাদ সময় লাগতে পারে।

বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল বলেন, ‘চট্টগ্রামে ব্যবসা পরিচালনা করছে কোরিয়ান শিল্প প্রতিষ্ঠান ইয়াং ওয়াং গ্রুপ। প্রতিষ্ঠানটি সরাসরি কার্গো ফ্লাইট চালুর বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে। তারা কার্গো নিরাপত্তা উন্নয়নের জন্য একটি ইডিএস স্ক্যানার কিনে দেওয়ার প্রস্তাবও দিয়েছে। এ ছাড়া একটি চায়না প্রতিষ্ঠানও চট্টগ্রাম থেকে কার্গো ফ্লাইট চালুর বিষয়ে আগ্রহ দেখাচ্ছে।’

এ প্রসঙ্গে বাংলাদেশ ফ্রাইট ফরোয়ার্ডার্স অ্যাসোসিয়েশনের সাবেক ভাইস প্রেসিডেন্ট খায়রুল আলম সুজন বলেন, চট্টগ্রাম বিমানবন্দর থেকে কার্গো ফ্লাইট চালুর সরকারি উদ্যোগ সময়োপযোগী ও ইতিবাচক পদক্ষেপ।

চট্টগ্রাম দেশে তৈরি পোশাক শিল্পের দ্বিতীয় বৃহত্তম অঞ্চল। এখানকার বিভিন্ন শিল্পাঞ্চল ও উৎপাদন কেন্দ্র থেকে নিয়মিতভাবে পণ্য আমদানি-রফতানি হয়ে থাকে। এতদিন চট্টগ্রাম থেকে সরাসরি কোনও কার্গো ফ্লাইট না থাকায় রফতানিকারকদের পণ্য টাকা হয়ে অথবা অন্য দেশের মাধ্যমে পাঠাতে হতো। এতে সময়, খরচ ও ভোগান্তি তিনটিই বেড়ে যেতো।

সরকার চট্টগ্রাম থেকে সরাসরি কার্গো ফ্লাইট চালুর যে উদ্যোগ নিচ্ছে, তা নিঃসন্দেহে একটি নতুন সম্ভাবনার দুয়ার খুলে দেবে।

এ বিষয়ে ব্যবসায়ীরা বলেন, ‘তৈরি পোশাকের বিষয়ে আগে কিছুটা ভারতের কলকাতা বিমানবন্দর ব্যবহার করা হতো। ট্রান্সশিপমেন্ট

বাতিলের পর তা হচ্ছে না। তবে ঢাকা বিমানবন্দর এবং সিলেট বিমানবন্দরে কার্গো পরিবহন বেড়েছে। চট্টগ্রাম থেকেও কার্গো ফ্লাইট চালুর বিষয়ে প্রস্তুতি চলছে। এতে ট্রান্সশিপমেন্ট বাতিলের পর দেশে সুযোগ সুবিধা আরও বেশি বেড়েছে। যা দেশের ব্যবসায়ীদের জন্য ইতিবাচক। চট্টগ্রাম থেকে কার্গো ফ্লাইট চালু হলে এখানকার ব্যবসায়ীরা এ সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন।’

-B